গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৯.১১.০০৫.২১-২২৯

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩১
০৩ জুন ২০২৪

**বিষয়:** Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) ব্যবহার করে অডিট আপত্তির সংখ্যাগত Reconciliation করা প্রসঙ্গে তাগিদপত্র।

সূত্র: স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের স্মারক নং-২১১৮; তারিখ: ২৩/০৫/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অডিট কার্যক্রমকে ডিজিটালাইজড করার লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (CAG) এর কার্যালয় কর্তৃক Audit Management and Monitoring System 2.0 (AMMS-2.0) সফটওয়ার ডেভেলপ করা হয়েছে। AMMS-2.0 ব্যবহার করে মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর,সংস্থা এবং দপ্তরসমূহের অডিট আপত্তির জবাব প্রদান, নিস্পত্তির প্রক্রিয়া এবং হালনাগাদ অবস্থা মনিটরিং করতে পারবে। আধুনিক ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং CAG কার্যালয়ের নির্দেশনা মোতাবেক দপ্তরের AMMS-2.0 এ বিদ্যমান অডিট আপত্তির সংখ্যাগত বিষয়ে এই অডিট অধিদপ্তরের সাথে Reconciliation করার লক্ষ্যে তথ্য উপাত্ত সরবরাহের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে। অন্যথায় অডিট অধিদপ্তরের আপত্তির সংখ্যাগত তথ্যই চূড়ান্ত হিসাবে গণ্য হবে মর্মে জানানো হয়েছে।

২। AMMS-2.0 এ রক্ষিত অডিট আপত্তির সংখ্যার সাথে সংখ্যাগত Reconciliation সম্পন্ন হলে অডিটি প্রতিষ্ঠানের সাথে অডিট অধিদপ্তরের অডিট আপত্তির সংখ্যাগত বিষয়ে কোনো তারতম্য থাকলে তা দূরীভূত করা সহজ হবে। উল্লেখ্য যে, গত ২১/০১/২০২৪ তারিখের স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্বারক নং-৫৩ তারিখ-২১/০১/২০২৪ পত্রের মাধ্যমে AMMS-2.0 ব্যাবহার করে Reconciliation করা প্রসঙ্গে একটি পত্র প্রেরণ করা হয়েছিল। সেপ্রেক্ষিতে এ বিভাগের অডিট-২ শাখা হতে তারিখ-২৫/০১/২৪ স্মারক নং-২১ এর মাধ্যমে সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও পৌরসভা বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল। সেপ্রেক্ষিতে সিলেট সিটি কর্পোরেশনের ৪৯টি আপত্তি এবং বেনাপোল পৌরসভার ১টি আপত্তি যা পূর্বে নিষ্পত্তি হয়েছে মর্মে নিষ্পত্তিপত্র পাওয়া যায় Reconciliation করে AMMS-2.0 সফটওয়ার হতে বাদ দেওয়ার জন্য অডিট অধিদপ্তরের প্রেরণ করা হয়েছে। এছাড়া আর কোনো সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও পৌরসভা হতে অদ্যাবধি কোনো সংখ্যাগত Reconciliation এর পত্র পাওয়া যায়নি।

৩। এমতাবস্থায় আধুনিক ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং CAG কার্যালয়ের নির্দেশনা মোতাবেক সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও পৌরসভায় AMMS-2.0 ব্যাবহার করে সংখ্যাগত Reconciliation করে এ বিভাগে পত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৩.০২.২৪
জেসমীন প্রধান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৩২৬

বিতরণ:
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)
৩। মেয়র, পৌরসভা (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ
৩। যুগ্মসচিব (অডিট অধিশাখা), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ
৪। অফিস কপি/মাষ্টার কপি

**মহাপরিচালকের কার্যালয়**
স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

নং-৮২.২১.০০০০.০০১.৩৫.০০১.২১.২১১৮ তারিখ : ২৩/০৫/২০২৪ খ্রি.

বিষয়ঃ Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) ব্যবহার করে অডিট আপত্তির সংখ্যাগত Reconciliation করা প্রসঙ্গে তাগিদপত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। অডিট কার্যক্রমকে ডিজিটালাইজড করার লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) এর কার্যালয় কর্তৃক Audit Management and Monitoring System-2.0(AMMS-2.0) ডেভেলপ করা হয়েছে। AMMS-2.0 ব্যবহার করে মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর,সংস্থা এবং দপ্তরসমূহের অডিট আপত্তির জবাব প্রদান, নিষ্পত্তির প্রক্রিয়া এবং হালনাগাদ অবস্থা মনিটরিং করতে পারবে। ইতোমধ্যে AMMS-2.0 এর ব্যবহার বিষয়ে অডিটি প্রতিষ্ঠানকে User ID ও Password প্রদান করা হয়েছে।

(২) AMMS-2.0 এ রক্ষিত অডিট আপত্তির সংখ্যার সাথে আপনার দপ্তরের সংখ্যাগত Reconciliation করা প্রয়োজন। উক্ত Reconciliation সম্পন্ন হলে অডিটি প্রতিষ্ঠানের সাথে অডিট অধিদপ্তরের অডিট আপত্তির সংখ্যাগত বিষয়ে কোন তারতম্য থাকলে তা দূরীভূত করা সহজ হবে। উল্লেখ্য যে গত ১০/০৪/২০২৩ খ্রি: তারিখের স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের স্মারক নং ৮২.২১.০০০০.০০১.৩৫.০০১.২১.১৫৪৭ এর মাধ্যমে AMMS-2.0 ব্যবহারের মাধ্যমে অডিট আপত্তি Reconciliation করা প্রসঙ্গে একটি পত্র লেখা হয় কিন্তু অদ্যবধি আপনার দপ্তর হতে এ কার্যালয়ে আপনার দপ্তরের অডিট আপত্তির সংখ্যাগত Reconciliation বিষয়ে সম্পূর্ণ তথ্য উপাত্ত প্রেরণ করা হয়নি।

(৩) এমতাবস্থায় আধুনিক ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং সিএজি কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ৩০/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আপনার দপ্তরের AMMS-2.0 এ বিদ্যমান অডিট আপত্তির সংখ্যাগত বিষয়ে এই অডিট অধিদপ্তরের সাথে Reconciliation করার লক্ষ্যে তথ্য উপাত্ত সরবরাহের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় এ কার্যালয়ের অডিট আপত্তির সংখ্যাগত তথ্যই চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং.........
তারিখঃ.........
স্বাক্ষর

২৬/৫/২৪
(কাজী মাসুদা সুলতানা)
পরিচালক
ফোনঃ ৮৩৯২৬৩২

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ.........
নং.........

অতি:/যুগ্মসচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর.........তারিখ.........
অতিরিক্ত সচিব (প্রশাসন)

অডিট অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
নম্বরঃ তারিখঃ
অডিট-১/২/৩ শাখা/অধিশাখা
যুগ্মসচিব (অডিট)